

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ, ই-মেইল: info@nstu.edu.bd ওয়েবসাইট: www.nstu.edu.bd
২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত ২০টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২০-২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের থেকে আবেদন আহ্বান করা হলো।

১। ভর্তির জন্য যোগ্যতা:

২০২০-২১ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত GST ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

২। যে সকল বিভাগে শিক্ষার্থী ভর্তি করা হবে এবং যারা আবেদন করতে পারবেন:

ভর্তির জন্য গ্রুপসমূহ	উচ্চমাধ্যমিক শাখা	বিভাগসমূহ	GST ২০২০-২১ পরীক্ষার ইউনিট	বিষয়ভিত্তিক যোগ্যতা
গ্রুপ- A	বিজ্ঞান	কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, এপ্রায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, এপ্রায়েড ম্যাথমেটিক্স, পরিসংখ্যান	A ইউনিট	উচ্চমাধ্যমিকে অবশ্যই গণিত থাকতে হবে।
গ্রুপ - B	বিজ্ঞান	ফার্মেসি, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি	A ইউনিট	সকল বিভাগের জন্য উচ্চমাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান থাকতে হবে। তবে ফার্মেসি পড়তে হলে উচ্চমাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান ও গণিত উভয়ই থাকতে হবে।
গ্রুপ - C	বিজ্ঞান	ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স, ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, এগ্রিকালচার, ওশানোগ্রাফি, জুয়োলজি	A ইউনিট	সকল বিভাগের জন্য উচ্চমাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান থাকতে হবে। তবে ওশানোগ্রাফি পড়তে হলে উচ্চমাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান ও গণিত উভয়ই থাকতে হবে।
গ্রুপ - D (গ্রুপ পরিবর্তন)	বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/ মানবিক	অর্থনীতি, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ, ইংরেজি, বাংলা, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, শিক্ষা, শিক্ষা প্রশাসন, আইন, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট	A ইউনিট	-
		ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, পরিসংখ্যান	B ইউনিট	পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্যে উচ্চমাধ্যমিকে পরিসংখ্যান/গণিত থাকতে হবে।
গ্রুপ - E	মানবিক	অর্থনীতি, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ, ইংরেজি, বাংলা, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, শিক্ষা, শিক্ষা প্রশাসন, আইন, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট	C ইউনিট	পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্যে উচ্চমাধ্যমিকে পরিসংখ্যান/গণিত থাকতে হবে।
		অর্থনীতি, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ, ইংরেজি, বাংলা, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, শিক্ষা, শিক্ষা প্রশাসন, আইন, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট	B ইউনিট	-
গ্রুপ - F	ব্যবসায় শিক্ষা	ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	C ইউনিট	-

৩। আবেদন ফি: প্রতি গ্রুপের জন্য ৬০০.০০ (সকল চার্জসহ ছয় শত) টাকা আবেদন ফি প্রদান করতে হবে।

৪। ভর্তির আবেদন প্রক্রিয়া:

আবেদন প্রক্রিয়ার বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.admission.nstu.edu.bd) জানা যাবে।

৫। কোটায় আবেদনের শর্তাবলী:

কোটায় আবেদনের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পোষ্য কোটা (কেবল ছেলে/মেয়ে/স্ত্রী/স্বামী), মুক্তিযোদ্ধা (সজান/নাজি/নাজিন), ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) এবং খেলোয়াড় (শুধু বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ) প্রার্থীদেরকে সংশ্লিষ্ট গ্রুপে আবেদন করার সময় কোটা উল্লেখ করতে হবে এবং ভর্তির সময় যথাযথ প্রত্যয়নপত্র বা সনদপত্র প্রদর্শন করতে হবে।

৬। মেধাকোরে ও মেধাক্রম:

মেধা তালিকা তৈরি করা হবে ১৫০ নম্বরের ভিত্তিতে। SSC/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত GPA এর ৬ গুণ (৫.০০×৬=৩০), HSC/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত GPA এর ৪ গুণ (৫.০০×৪=২০), এবং GST ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্ব (১০০)।

৭. গুরুত্বপূর্ণ তারিখসমূহ:

আবেদনের সময়: ২৪ নভেম্বর ২০২১ থেকে ৯ ডিসেম্বর ২০২১, রাত ১২:০০টা পর্যন্ত (ছুটির দিনসহ)

৮। বিশেষ দৃষ্টব্য:

ক) ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্তন, সংশোধন, সংযোজন এবং পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ) ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

গ) বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য ই-মেইল admission@nstu.edu.bd এ যোগাযোগ করা যাবে।



১৪.১১.২০২১

সদস্য সচিব, ভর্তি কমিটি, ২০২০-২১ শিক্ষাবর্ষ

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।